মুক্তিযোদ্ধার সম্মান চান ১৯৭১ সালের ১৭ এপ্রিল মঞ্চ প্রস্তুতকারী লিয়াকত আলী লেবু

মুক্তিযোদ্ধার সম্মান চান ১৯৭১ সালের ১৭ এপ্রিল, অস্থায়ী সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের মঞ্চ প্রস্তুতকারী লিয়াকত আলীসহ মঞ্চ প্রস্তুতকারীরা।

আর সেই লক্ষ্যে গতকাল রবিবার বিকালে তিনি শেরপুর থেকে এসে ১৯৭১ সালের মঞ্চ প্রস্তুতকারী ও স্থানীয় সংগ্রাম কমিটির সদস্যদের সাথে নিয়ে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণকালে সাংবাদিকদের সামনে এ সকল কথা বলেন।

লিয়াকত আলী মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের মৃত রেয়াজ উদ্দীন আহম্মেদ এর ছেলে। তার পিতা মৃত রেয়াজ উদ্দীন আহম্মেদ ছিলেন মুক্তিযুদ্ধকালীন ইপিয়ার ক্যাম্পের হাবিলদার। লিয়াকত আলী ছিলেন ১৭এপ্রিল অস্থায়ী সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের মঞ্চ প্রস্তুতকারীদের প্রধান।
বর্তমানে তিনি শেরপুরের স্থায়ী বাসিন্দা।

পুষ্পমাল্য অর্পণকালে তিনি বলেন, ১৯৭১ সালের ১৭ এপ্রিল, অস্থায়ী সরকার শপথ নেওয়ার সময় আমিসহ সংগ্রাম কমিটির আমার সহপাঠিরা আগের দিন থেকে মঞ্চ তৈরিসহ মঞ্চের যাবতীয় কিছু ব্যবস্থা করি। অথচ স্বাধীনতার এত বছর পার হয়ে গেলেও আমরা আজও কোন সম্মান পেলাম না। তাই মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আমার আকুল আবেদন যেন আমাদের মুক্তিযোদ্ধার সমপরিমাণ স্বীকৃতি দেন।

পুষ্পমাল্য অর্পণকালে বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মুক্তিযুদ্ধকালীন সংগ্রাম কমিটির সাধারণ সম্পাদক আয়ুব আলীসহ সংগ্রাম কমিটির সদস্য ও মঞ্চ প্রস্তুতকারীগণ উপস্থিত ছিলেন।